# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কাতারসমূহ সোজার করার নির্দেশ, যাতে তা প্রতিপালন না করার কারণে লোকদের মাঝে মতভেদ তৈরি না হয়

ذِكْرُ الْأَمْرِ بِتَسْوِيَةِ الصُّفُوفِ حَذَرَ مُخَالَفَةِ الْوُجُوهِ عند تركه

আরবী

2162 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ أَنَّهُ سَمِعَ النُّعْمَانَ بْنَ بَشِيرٍ يَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَوِّي الصَّفَّ حَتَّى يَجْعَلَهُ مِثْلَ القِدْحِ ـ أَوِ الرُّمْحِ ـ فَرَأَى صَدْرَ رَجُلٍ نَاتِئًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عِبَادَ اللَّهِ سَوُّوا صُفُوفكم أَوْ لَيُخَالِفَنَّ اللَّهُ بين وجوهكم).
الراوي : النُّعْمَان بْن بَشِيرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2162 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (669): م.

বাংলা

২১৬২. নু‘মান বিন বাশীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাতার সোজা করতেন, এমনকি কাতারকে তির বা বর্শার ন্যায় সোজা করতেন। অতঃপর এক ব্যক্তিকে দেখলেন যে, তিনি তার বুক কাতার থেকে সামনে বের করে রেখেছেন, তখন তিনি বলেন, “আল্লাহর বান্দাগণ, তোমরা তোমার কাতারগুলো সমান করো অন্যথায় আল্লাহর তোমাদের চেহারাগুলোর মাঝে মতভেদ তৈরি করে দিবেন।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৯৯৪; মুসনাদ আহমাদ: ৪/২৭৭; বাগাবী: ৮০৬; আত তায়ালিসী: ৭৯১; আবূ আওয়ানা: ২/৪১;

মুসান্নাফ ইবনু শায়বাহ: ১/৩৫১; সহীহ মুসলিম: ৪৩৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৪২৯; সুনান বাইহাকী: ২/২১; আবূ দাউদ: ৬৬৩; তিরমিযী: ২২৭; সহীহ আল বুখারী: ৭১৭; সহীহ মুসলিম: ৪৩৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৬৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91480

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন